দৈনিক জনকণ্ঠ

তারিখ ... OCT 28 1999

পৃষ্ঠা ... কলাম ...

# বুয়েটের একটি শিক্ষাবর্ষের ক্লাস শুরু হলো ছ'মাস আগে

বুয়েট রিপোর্টার ॥ নির্দিষ্ট সময়ের ছ'মাস আগে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষের সকল বিভাগের ক্লাস গতকাল বুধবার থেকে শুরু হয়েছে। স্থাপত্য ছাড়া অন্য সকল বিভাগের বিভিন্ন ব্যাচের ক্লাসও বুধবার শুরু হয়েছে। বুয়েটের উপাচার্য এবং বিভিন্ন ছাত্র সংগঠন নবাগত ছাত্রছাত্রীদের স্বাগত জানিয়েছে।

বুয়েটের উপাচার্য অধ্যাপক ডঃ নূরুদ্দীন আহমেদ বুধবার নবাগত ছাত্রছাত্রীদের স্বাগত জানিয়ে বলেছেন, তথ্যপ্রযুক্তির এ যুগে প্রতিযোগিতায় টিকে থাকতে হলে নিয়মিত পড়াশোনা এবং কম্পিউটার জ্ঞানের বিকল্প নেই। তিনি বলেন, নির্দিষ্ট সময়ের ছ'মাস আগে ক্লাস শুরু করার জন্য তোমাদের কৃতজ্ঞ থাকা উচিত এবং কৃতজ্ঞতাবোধের কারণে অন্তত ঠিকমতো পড়াশোনা করা উচিত। তিনি আরও বলেন, শুধু সার্টিফিকেট পেলেই প্রকৃত মানুষ হওয়া যায় না। প্রকৃত মানুষ হতে হলে পড়াশোনার পাশাপাশি সব ধরনের শিক্ষা অর্জন করতে হবে। স্বাগত ভাষণে বুয়েটের ছাত্র কল্যাণ পরিচালক ডঃ জয়নুল আবেদীন নতুন ছাত্রছাত্রীদের কাছে বুয়েটের ঐতিহ্য তুলে ধরেন এবং বলেন, "এসো আমরা বুয়েটের ঐতিহ্যকে গৌরবান্বিত করার শপথ নিই"।